তারিখ 16 NOV 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৪

সংবাদ

# অতিরিক্ত ফি আদায়ে শিক্ষা মন্ত্রণালয়ের সতর্কীকরণ

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের বিভিন্ন স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ২০১৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফরম পূরণে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করছেন, এমন অভিযোগের ভিত্তিতে মন্ত্রণালয় গতকাল এক সতর্কীকরণ আদেশ জারি করেছে। আদেশে মন্ত্রণালয় উল্লেখ করেছে, শিক্ষা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত ফি-এর অতিরিক্ত অর্থ আদায় করা সরকারি বিধিবিধানের পরিপন্থী। যে সকল প্রতিষ্ঠান প্রধানগণ অতিরিক্ত অর্থ আদায় করেছেন, মন্ত্রণালয় তা অবিলম্বে শিক্ষার্থীদের **ফি** : পৃষ্ঠা : ২ ক : ৪

## ফি : আদায়ে

(১৬ পৃষ্ঠার পর)

ফেরত দেয়ার নির্দেশ দিয়েছে। অন্যথায় শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বাতিলসহ প্রতিষ্ঠান প্রধানদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও আদেশে উল্লেখ করেছে।